**বাংলাদেশ ব্যাংক**
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১**

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৪

২৬ জুলাই ২০২৬
তারিখ: -----------------
১১ শ্রাবণ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

**প্রিয় মহোদয়,**

**কর্মকর্তা/কর্মচারী নিয়োগদান প্রসঙ্গে**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬, তারিখ: ০৪ মে ২০০৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে ব্যাংকিং খাতে মানব সম্পদ ব্যবহারের ক্ষেত্রে শৃঙ্খলার পরিপন্থী কার্যকলাপ রোধকল্পে এক ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীকে অন্য ব্যাংকে নিয়োগ দানের ক্ষেত্রে সুনির্দিষ্ট নীতিমালা অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। বর্তমানে বিভিন্ন ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমে যুক্ত থাকার অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে প্রযোজ্য সময়সীমা বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সাথে সামঞ্জস্যপূর্ণ করার লক্ষ্যে বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬, তারিখ: ০৪ মে ২০০৫ এর অনুচ্ছেদ নং-০২ (খ) নিম্নরূপে প্রতিস্থাপন করা হলো:

> "খ) যদি কোন কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে শৃঙ্খলামূলক কেস বিবেচনাধীন থাকে সেক্ষেত্রে ০২(দুই) মাসের মধ্যে চাকুরী বিধি মোতাবেক কেসটি নিষ্পত্তিযোগ্য হবে।"

৪। এতদ্ব্যতীত, সূত্রোক্ত সার্কুলার লেটারে অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২